



## দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি)

ডিআর টাওয়ার (১৩ তলা), ৬৫/২/২, বীর প্রতীক

গাজী গোলাম দস্তগীর সড়ক (বক্স কালভার্ট রোড), পুরানা পল্টন, ঢাকা-১০০০

<https://online.ibb.org.bd>, ফোন # ৫৫১১২৮৫৭-৬০

### ব্যাংকিং প্রফেশনাল পরীক্ষা সংক্রান্ত বিশেষ বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি)র ৯৬তম ব্যাংকিং প্রফেশনাল পরীক্ষা আগামী ২৭ মে এবং ৩ জুন ও ১০ জুন ২০২৩ তারিখে সম্পূর্ণ নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠিত হবে। কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অসদুপায় অবলম্বন করতে পারবেন না এবং পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন/ স্মার্ট ফোন, বই, খাতা, ল্যাপটপ বা কোনো প্রকার ইলেকট্রনিক সামগ্রী নিয়ে প্রবেশ করতে পারবেন না। কার, মটর সাইকেল, সাইকেল, ব্যাগ, ল্যাপটপ যা পরীক্ষার সাথে সম্পৃক্ত নয় এমন সামগ্রী পরীক্ষার্থীদের নিজ দায়িত্বে পরীক্ষা কেন্দ্রের বাহিরে সংরক্ষণ করতে হবে। কোনো অবস্থাতেই উল্লিখিত সামগ্রী নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করা যাবে না। যদি কোনো পরীক্ষার্থী উল্লিখিত সামগ্রী নিয়ে পরীক্ষার কেন্দ্রে প্রবেশ করেন অথবা অসদাচরণ করেন তবে তাঁর পরীক্ষা বাতিলসহ অন্যান্য শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না এবং পরীক্ষা ১ ঘণ্টা অতিবাহিত না হওয়া পর্যন্ত কোনো পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।

অনিবার্য কারণে চট্টগ্রাম কলেজিয়েট স্কুল এন্ড কলেজের পরিবর্তে ইসলামিয়া কলেজ, সদরঘাট, চট্টগ্রাম-কেন্দ্রে পরীক্ষা গ্রহণ করা হবে। অন্যান্য কেন্দ্রসমূহ অপরিবর্তিত থাকবে।

মহাসচিব, আইবিবি